দৈনিক বাংলা

তারিখ ... 14 DEC 1990 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ...

33

## বেসরকারী স্কুলে এসএসসি পরীক্ষার ফিস

সরকারী স্কুলে এসএসসি পরীক্ষার ফিস বাবদ ছয় মাসের বেতন ও বোর্ড কর্তৃক নির্ধারিত টাকা নেওয়া হয় যার পরিমাণ সাড়ে তিনশত টাকার বেশী নয়। অথচ অত্যন্ত দুঃখের বিষয়, বেসরকারী স্কুলে উপরোক্ত অংক ছাড়াও "কোচিং ফি" বাবদ খুশীমত বিরাট অংকের টাকা দাবী করা হয় যা, একেবারেই অযৌক্তিক। গরীব অভিভাবকদের জন্য এই অর্থের বোঝা বহণ করা প্রায়ই সম্ভব হয় না। আমার জানামতে গত বছর আমার অফিসের এক পিয়ন তার মেয়েকে পরীক্ষা দেওয়াতে পারেনি এবং কঠিন হৃদয় প্রধান শিক্ষক 'কোচিং ফি' ছাড়া ছাত্রীটিকে পরীক্ষা দিতে দেয়নি। কোন কোন স্কুলে এর সাথে স্কুলের উন্নয়ন ফি যোগ করা হয় যা অন্যায় এবং অসঙ্গত। আসলে এসব অর্থ স্কুলের শিক্ষকগণ নিজেদের মধ্যে ভাগ করে নেন। সারা বছর পড়ানোর পর 'কোচিং'-এর যেমন দরকার হয় না তেমনি ফরম পুরণের পর সময়ও থাকে না। অথচ এ অজুহাতে অভি-ভাবকদের হয়রানি করা হয়। সদাশয় কর্তৃপক্ষের কাছে আকুল আবেদন, দয়া করে এই জুলুম বন্ধ করার বলিষ্ঠ পদক্ষেপ অবিলম্বে গ্রহণ করুন এবং পত্রিকা মারফত অভিভাবকদের তা অবহিত করুন।

মোঃ শরিফুল হুদা
ঢাকা